

“ ঘাসবন টিকে থাকলে,
বরেন্দ্র অর্কিড বেঁচে থাকবে ”



বরেন্দ্র অর্কিড বাঁচিয়ে রাখতে আপনার কি করণীয় ?

ঘাসবনই এই স্থলজ অর্কিডের প্রধান আবাসস্থল। বাংলাদেশের শুধু রাজশাহী জেলার একটি ঘাসবনে এই অর্কিডকে খুঁজে পাওয়া গেছে। বর্তমানে এই প্রজাতি যেখানে জন্মে সেই ঘাসবন টিকেয়ে রাখতে হবে। রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ জেলার অন্য কোন ঘাসবনে এটি দেখা গেলে সেই ঘাসবন তথা আবাসস্থল টিকিয়ে রাখতে হবে এবং মানুষকে সচেতন করতে হবে। সর্বোপরি জনসাধারণকে অর্কিডের বসতি সংরক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে।

আপনার এলাকায় বরেন্দ্র অর্কিড দেখা গেলে, যোগাযোগ করুন।

মোবাইল : ০১৬১৬৭২২৬৩৩, ০১৯২৭৪৩৫২৪৫।



| অর্কিড পৃথিবীর দ্বিতীয় জনপ্রিয় ফুল |

Design & Text: Sadya Mizan, Nazim Uddin Prince & MSH Sourav

**Save the Critically
Endangered Barind Orchid**
মহাবিপন্ন বরেন্দ্র অর্কিড বাঁচান



Bangladesh Orchid Conservation Project

বরেন্দ্র অর্কিড :

বরেন্দ্র অর্কিড নরম কাণ্ডের উদ্ভিদ। যে সকল অর্কিড মাটিতে জন্মায় তাদের স্থলজ অর্কিড বলা হয়। গত ১০৮ বছরে প্রাকৃতিক আবাসে এই অর্কিড দেখা যায়নি। বাংলাদেশে ২০১৪ সালে এটিকে নতুন প্রজাতি হিসেবে আবিষ্কার করা হয়েছে। এই অর্কিড বরেন্দ্র এলাকার ঘাসবনে (খর/কাইসার বনে) জন্মে। যে কারণে এই উদ্ভিদের বাংলা নামকরণ করা হয়েছে বরেন্দ্র অর্কিড। ঘাসবন ধ্বংসের কারণেই এটি অতি বিরল ও মহাবিপন্ন। এগু পাতা দেখতে ঘাসের মতো। জুন (বাংলা আষাঢ়) মাসে ফুল ফোটে। ফুল সাদা ও গোলাপি রঙের মিশেল। এই অর্কিডের বৈজ্ঞানিক নাম ইলোফিয়া অবটিউজা।



বরেন্দ্র অর্কিড কেন বিরল ও মহাবিপন্ন?

বাংলাদেশের যেখানে এই উদ্ভিদটি জন্মে সেই জমিটি অনেক কাল ধরেই ঘাসবন ছিল। শুধুমাত্র শীতের সময় খড় বা ঘাস কাটা হতো। বর্ষা আসলেই ঘাসের সাথে অর্কিড চারা গজিয়ে বড় হতো এবং ফুল ফুটত। ২০১৫ সালে ঘাসবনটি সবজি চাষ করার জন্য কেটে ফেলা হয়। সে বছর প্রায় ৭-১০ কেজি কন্দ বা বিছন ধ্বংস হয়ে যায় লাঙ্গল দিয়ে জমি চাষের ফলে। জমি চাষের ফলে কন্দ বা বিছন নষ্ট হয়ে যাওয়ার ফলে বরেন্দ্র অর্কিড বিলুপ্তির দ্বার প্রান্তে। তাছাড়া বাংলাদেশের এই ঘাসভূমি ছাড়া পৃথিবীর কোথাও গত ১০৮ বছরে এটির স্থান পায়নি। যে কারণে বরেন্দ্র অর্কিড অতি বিরল এবং মহাবিপন্ন উদ্ভিদ।

বরেন্দ্র অর্কিডের প্রধান আবাসস্থলের চিত্র (২০১৪-২০১৮)



জুন ২০১৪

জুন ২০১৫



জুন ২০১৬



জুন ২০১৮

বরেন্দ্র অর্কিড চেনার উপায় :



কয়েকটি ফুলহীন অর্কিড ঘাসের মধ্যে



লম্বা ডাঁটা যাতে ১০-১২ টি ফুল ধরে



পাতা দেখতে ঘাসের মতো



বরেন্দ্র অর্কিডের চারা



বিছন বা কন্দ যেটি থেকে চারা গজায়

বরেন্দ্র অর্কিড কেন রক্ষা করব ?

গবেষণা তথ্য অনুসারে পৃথিবীর অন্য কোথাও বরেন্দ্র অর্কিড নেই এবং এটি বিলুপ্তির দ্বার প্রান্তে। ফুল খুবই সুন্দর এবং শোভাবর্ধনকারী উদ্ভিদ হিসেবে নান্দনিক। পরিবেশের ভারসাম্য রক্ষায় এই উদ্ভিদ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ভবিষ্যতে বানিজ্যিকভাবে চাষ করা যাবে যদি বরেন্দ্র অর্কিড টিকিয়ে রাখা যায়।

বরেন্দ্র অর্কিড এবং আমাদের কাজ :

২০১৫ সাল থেকে প্রাকৃতিক পরিবেশে বরেন্দ্র অর্কিডের জীবন বৃত্তান্ত গবেষণা এবং বসতি সংরক্ষণের কাজ আংশিক শুরু হয়। ২০১৭ সাল থেকে গবেষণা ও বসতি সংরক্ষণ কার্যক্রম পুরোদমে শুরু হয়েছে। প্রকৃতিতে উদ্ভিদটি ফিরিয়ে আনার জন্য স্থানীয়দের সহায়তায় দীর্ঘমেয়াদি বসতি সংরক্ষণ ও বসতি পর্যবেক্ষণ শুরু হয়েছে। রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জের ঘাসবন এলাকায় বরেন্দ্র অর্কিড খোঁজার কার্যক্রমও শুরু হয়েছে। টিস্যু কালচার করে প্রজাতিটির চারা উৎপাদন করে প্রাকৃতিক পরিবেশে এবং দেশের বোটানিক্যাল গার্ডেনে রোপনের পরিকল্পনাও রয়েছে।



জুন ২০১৪

জুন ২০১৫

পাতা দেখতে ঘাসের মতো

বরেন্দ্র অর্কিডের চারা